

ঢাকা কলেজের প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত

■ সমকাল প্রতিবেদক
ঐতিহ্যবাহী ঢাকা কলেজের
১৪৪তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন
করলেন শিক্ষার্থীরা। এ উপলক্ষে
আয়োজিত বর্ণঢ্য অনুষ্ঠানের
উদ্বোধন করেন শিক্ষামন্ত্রী নুরুল
ইসলাম নাহিদ। এ উপলক্ষে
আয়োজিত অনুষ্ঠানে প্রধান
অতিথির বক্তৃতায় তিনি বলেন,
অনার্স কোর্সে পাঠদানকারী
কলেজগুলোর অবকাঠামো
উন্নয়নসহ শিক্ষার মান নিশ্চিত
করতে ব্যাপক কর্মসূচি বাস্তবায়ন
করছে সরকার।

কলেজ ক্যাম্পাসে আয়োজিত
নান্দনিক এ অনুষ্ঠানে নুরুল ইসলাম
নাহিদ আরও বলেন, বিশ্বায়নের এ
যুগে টিকে থাকতে হলে চাই
বিশ্বমানের শিক্ষা। সরকার প্রদত্ত
সুযোগ-সুবিধা কাজে লাগিয়ে নতুন
প্রজন্মকে ■ পৃষ্ঠা ১৫ : কলাম ৩

ঢাকা কলেজের

[তৃতীয় পৃষ্ঠার পর]

যোগোপযোগী শিক্ষায় শিক্ষিত করে
বিশ্বনাগরিক রূপে গড়ে তুলতে
নিবেদিতপ্রাণ হিসেবে দায়িত্ব পালনে
তিনি শিক্ষকসহ সংশ্লিষ্টদের প্রতি
আহ্বান জানান।

অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী বলেন, 'ঢাকা
কলেজ জাতিকে অনেক শ্রেষ্ঠ সন্তান
উপহার দিয়েছে। এ জন্য এখনও
কলেজটি মানসম্মত শিক্ষা নিশ্চিত
করতে কাজ করবে।' মন্ত্রী জানান,
শিক্ষার পরিবেশ তিক রাখতে যা
প্রয়োজন তা করা হবে। ইতিমধ্যে
সারাদেশে ৭০টি কলেজ বাছাই করা
হয়েছে, যেগুলোতে ২০ কোটি টাকা
ব্যয়ে ল্যাব, ক্লাসরুম, ছাত্রাবাস
নির্মাণের উদ্যোগ নেওয়া হয়েছে।
প্রয়োজনে আরও অর্থ দেওয়া হবে।
শিক্ষায় সরকারের আর্থিক সহায়তা
কম উল্লেখ করে মন্ত্রী বলেন, এ জন্য
কলেজগুলোতে শিক্ষক সংকট
থাকে। আগামী বছর ঐতিহ্যবাহী এ
শিক্ষা প্রতিষ্ঠানটির পৌনে দুইশ' বছর
হবে জানিয়ে মন্ত্রী বলেন, 'বিষয়টি
অত্যন্ত গৌরবের। বহু আগের এই
শিক্ষা প্রতিষ্ঠানে হাজার হাজার
শিক্ষার্থী অধ্যয়ন করছেন। সেই
তুলনায় শিক্ষক সংকট থাকলেও
ফলের দিক দিয়ে ঢাকা কলেজ ভালো
করছে বলে জানান মন্ত্রী।

কলেজের অধ্যক্ষ অধ্যাপক তুহিন
আফরোজ আলম অনুষ্ঠানে বক্তব্য
রাখেন। পরে শিক্ষামন্ত্রী ঐতিহ্যবাহী
ঢাকা কলেজের প্রতিষ্ঠাবার্ষিকীর
র্যালিতে নেতৃত্ব দেন।